দৈনিক বাংলা

তারিখ ... 03 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮ ...

63

# সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন ঃ সংস্থাপন প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ রাজশাহী, ২ জুলাই।—সংস্থাপন প্রতিমন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক বলেছেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। বিশেষ করে শিশু ও নারী শিক্ষাকে নিশ্চিত করতে মাননীয়া প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্বয়ং দায়িত্ব নিয়েছেন।

তিনি শনিবার সকালে রাজশাহী সরকারী মহিলা কলেজ আয়োজিত সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা '৯৫—এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে একথা বলেন।

সংস্থাপন প্রতিমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকারের বাজেটেও এর বাস্তব প্রতিফলন ঘটেছে। তিনি বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকারের আমলে মাত্র ৪ বছরে শিক্ষার হার প্রায় শতকরা ১২ ভাগ বৃদ্ধি পেয়েছে।

কলেজ অধ্যক্ষ প্রফেসর গোলাম রাব্বানীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আজিজুর রহমান এমপি, প্রফেসর আব্দুল লতিফ প্রমুখ। পরে মন্ত্রী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।